

🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৪

১/ বিবিধ

আরবী

عظموا ضحاياكم فإنها على الصراط مطاياكم لا أصل له بهذا اللفظ

قال ابن الصلاح: هذا حديث غير معروف ولا ثابت، نقله الشيخ إسماعيل العجلوني في "الكشف" ومن قبله ابن الملقن في "الخلاصة " (164 / 2) وزاد: قلت وأسنده صاحب الفردوس بلفظ "استفرهوا" بدل "عظموا "أي: ضحوا بالثمينة القوية السمينة

قلت: وسنده ضعيف جدا، وسوف يأتي تحقيق الكلام عليه بإذن الله تعالى (2687)

বাংলা

৭৪। তোমরা মোটা-তাজা শক্তিশালী পশু দ্বারা কুরবানী কর; কারন তা হবে পুল-সিরাতের উপর তোমাদের বাহন। এ ভাষায় হাদীসটির কোন ভিত্তি নেই।

ইবনু সালাহ বলেনঃ هذا حدیث غیر معروف ولا ثابت এ হাদিসটি পরিচিতও না এবং সাব্যস্তও হয়নি। হাদীসটি ইসমাঈল আল-আজলুনী "আল-কাশফ" গ্রন্থে উল্লেখ করেছেন। তার পূর্বে ইবনুল মুলাক্কিন "আল-খুলাসা" গ্রন্থে (১৬৪/২) উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সন্দ খুবই দুর্বল। এটি সম্পর্কে ২৬৮৭ নং হাদীসে বিস্তারিত আলোচনা আসবে। ইনশাআল্লাহ।



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন